মানবিক অবদানের স্বীকৃতি: রোহিঙ্গাদের জন্য বাংলাদেশকে ধন্যবাদ জানালো ওয়াশিংটন



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র বাংলাদেশের মানবিক অবদানকে স্বীকৃতি দিয়েছে, যেখানে মিয়ানমার থেকে আসা রোহিঙ্গাদের নিরাপদ আশ্রয় প্রদান এবং দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশগুলোর সহযোগিতার প্রশংসা করা হয়েছে।

যুক্তরাষ্ট্র বাংলাদেশের মানবিক উদ্যোগকে প্রশংসা করেছে, যেখানে মিয়ানমারের বাস্তচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় দেওয়া হয়েছে। মার্কিন পররাষ্ট্র দফতের প্রধান উপ-মুখপাত্র টমাস টমি পিগট রোববার (২৪ আগস্ট) এক প্রেস বিবৃতিতে এই তথ্য জানিয়েছেন।

বিবৃতিতে বলা হয়, যুক্তরাষ্ট্র মিয়ানমারের জনগণের প্রতি সহমর্মিতা প্রকাশ করেছে, বিশেষ করে রোহিঙ্গা ও অন্যান্য সংখ্যালঘুদের ওপর সংঘটিত সহিংসতা ও বাস্তুচ্যুতির বিষয়ে। বাংলাদেশ সরকারকে উদারতা দেখানোর জন্য ধন্যবাদ জানানো হয়েছে। একই সঙ্গে, দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশগুলোকেও শরণার্থীদের আশ্রয় দেয়ার জন্য সম্মান জানানো হয়েছে।

২০১৭ সালের আগস্টে রাখাইনে সেনা অভিযান শুরু হওয়ার পর সাত লাখেরও বেশি রোহিঙ্গা বাংলাদেশে প্রবেশ করে আশ্রয় নিয়েছিল। বর্তমানে বাংলাদেশে প্রায় ১৩ লাখ রোহিঙ্গা অবস্থান করছে এবং প্রতি বছর এই শিবিরগুলোতে প্রায় ৩০ হাজার শিশু জন্ম নিচ্ছে, যা মানবিক সেবা ও ব্যবস্থাপনার বড় চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত হচ্ছে।